ঘন কুয়াশায় ব্যাহত লক্ষ্মীপুর-ভোলা রুটের ফেরি চলাচল

written by Chandradip News24 | December 14, 2024

শীতের প্রকোপ বাড়ানোর সঙ্গে সঙ্গে লক্ষ্মীপুর থেকে ভোলা যাওয়ার ফেরি চলাচল একাধিকবার বন্ধ হয়ে গেছে। ঘন কুয়াশার কারণে গত কয়েকদিন ধরে ফেরি চলাচল ব্যাহত হচ্ছে এবং দিনের বেশিরভাগ সময় ফেরি চলাচল বন্ধ রাখতে হচ্ছে, এমন তথ্য জানিয়েছেন ঘাট সংশ্লিষ্ট কর্মকর্তারা।

কুয়াশার কারণে দুর্ঘটনা এড়াতে ফেরি চলাচল বন্ধ রাখা হচ্ছে। এ অবস্থায়, যানবাহনগুলো দীর্ঘ সময় ধরে ঘাটে অপেক্ষা করতে হচ্ছে। স্বাভাবিক সময়ের তুলনায় প্রায় ৬০ শতাংশ যানবাহন পারাপার করা সম্ভব হচ্ছে না।

লক্ষ্মীপুরের মজুচৌধুরী হাট ঘাট থেকে ভোলার ইলিশা রুটে ফেরি চলাচল ১৯ ঘণ্টা বন্ধ থাকার পর শুক্রবার (১৩ ডিসেম্বর) সকাল সাড়ে ৯টার দিকে ফেরি চলাচল শুরু হয়। এর আগে, বৃহস্পতিবার (১২ ডিসেম্বর) দুপুর ২টার দিকে শেষ ফেরিটি ভোলার উদ্দেশ্যে ছেড়ে গিয়েছিল। এরপর ফেরি চলাচল বন্ধ হয়ে যায়।

এদিকে, শুষ্ক মৌসুমের কারণে নাব্য সংকটও ব্যাপক আকার ধারণ

করেছে, যা ফেরি চলাচলে আরও সমস্যা সৃষ্টি করছে।

মজুচৌধুরী হাট ফেরিঘাটের টার্মিনাল সহকারী রেজাউল করিম জানান, “কুয়াশা এবং নাব্য সংকটের কারণে ফেরি চলাচল চরমভাবে ব্যাহত হচ্ছে। এতে ৬০ থেকে ৭০টি যানবাহন ঘাটে আটকে পড়েছে এবং দিনে ৬০ শতাংশ যানবাহনও পারাপার করা যাচ্ছে না।”

বর্তমানে মজুচৌধুরী হাট-ভোলা নৌরুটে সুফিয়া কামাল, বেগম রোকেয়া, কাবেরী ও কুসুম কলী নামে চারটি ফেরি চলাচল করছে। এ রুটটি দেশের দক্ষিণাঞ্চলের প্রায় ২১ জেলার যানবাহন পারাপারের জন্য ব্যবহৃত হয়, যার মধ্যে বেশিরভাগই পণ্যবাহী যানবাহন।

মো: তুহিন হোসেন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম